

# শিক্ষক সংকটে পাঠদান ব্যাহ্ত

- সুনামগঞ্জ মেডিক্যাল কলেজ

সুনামগঞ্জ প্রতিনিধি



সুনামগঞ্জ মেডিক্যাল কলেজে শিক্ষকের  
অভাবে ব্যাহ্ত হচ্ছে পাঠদান। বিশেষ করে  
বিষয়ভিত্তিক একাধিক শিক্ষক না থাকায়  
পিছিয়ে পড়ছে শিক্ষার্থীরা। এদিকে জনবল  
পূরণের জন্য গত ২ ডিসেম্বর মন্ত্রণালয়ে চিঠি  
পাঠিয়েছে কলেজ কর্তৃপক্ষ।

কলেজ সূত্রে জানা গেছে, বর্তমানে ২৮০ জন  
শিক্ষার্থী পড়ালেখা করছে হাওরের এই  
মেডিক্যাল কলেজটিতে।

আউটডোর সেবার জন্য কবে কলেজটি চালু  
হবে জানে না কেউ। এখনো অবকাঠামোর

কাজ চলছে। এই কাজও চলছে টিমে তালে।  
তবে মেডিক্যাল কলেজ হাসপাতালের জনবল  
কাঠামোর জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের মাধ্যমে  
জনপ্রশাসন হয়ে এখন ফাইল অর্থ মন্ত্রণালয়ে  
আছে বলে জানা গেছে।

অর্থ মন্ত্রণালয়ে জনবল অবকাঠামোর ফাইল  
চাপা পড়ে আছে বলে একটি নির্ভরযোগ্য সূত্র  
জানিয়েছে।

মেডিক্যাল কলেজে অধ্যাপকের ১২টি পদ  
রয়েছে। এর মধ্যে ১০টি পদই শূন্য। সহযোগী  
অধ্যাপকের ২৫টির মধ্যে ১৯টিই শূন্য।

সহকারী অধ্যাপকের ২৬টির মধ্যে ১৯টিই শূন্য।  
এ ছাড়া প্রভাষকের ২৮টির মধ্যে ৯টি পদ খালি  
রয়েছে। এর মধ্যে ডার্মাটোলজি, অর্থপেডিকস  
ও রেডিওলজির কোনো শিক্ষক নেই। যার ফলে  
এই তিনি বিভাগের শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক পাঠ  
থেকে পিছিয়ে আছে।

শিক্ষার্থীরা জানান, মেডিক্যালের প্রাকটিক্যাল  
থিউরিক্যাল প্রতিটি ক্লাসই গুরুত্বপূর্ণ।

কিন্তু বিষয়ভিত্তিক অনেক শিক্ষকই নেই। তা  
ছাড়া অভিজ্ঞ অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও  
সহকারী অধ্যাপকের পদ শূন্য থাকায় স্বাভাবিক  
পাঠদানও বিস্তৃত হচ্ছে।

তৃতীয় বর্ষের শিক্ষার্থী সাকিব আহমেদ বলেন,  
প্রথমে ওয়ার্ড ও ক্লিনিক্যাল ক্লাসের জন্য আমরা  
অনেক পিছিয়ে ছিলাম। পরে আন্দোলন করে  
এই সমস্যার সাময়িক সমাধান হয়েছে।  
সুনামগঞ্জ সদর হাসপাতালে এখন ক্লিনিক্যাল ও  
ওয়ার্ড ক্লাস হচ্ছে। তবে এখন শিক্ষক সংকট ও  
বিষয়ভিত্তিক শিক্ষকের অনুপস্থিতিতে আমরা  
অনেক পিছিয়ে আছি।

কলেজের অধ্যক্ষ ডা. মোস্তাক আহমদ ভূইয়া  
বলেন, শিক্ষকের অভাবে আমরা পিছিয়ে আছি।  
তিনটি বিষয়ের বিষয়ভিত্তিক শিক্ষক নেই।  
বিশেষজ্ঞ চিকিৎসক নেই। যার ফলে শিক্ষার্থীরা  
পাঠদান থেকে পিছিয়ে আছে। বিষয়টি গত ২  
ডিসেম্বরও মন্ত্রণালয়কে অবগত করেছি।